তারিখ ... 05 AUG 2015 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 7 ...

সমকাল

# বিভিন্ন জেলায় মেডিকেল শিক্ষার্থীদের ক্লাস বর্জন

■ সমকাল ডেস্ক

'ক্যারি অন সিস্টেম' পুনর্বহালের দাবিতে দেশের বিভিন্ন স্থানে মেডিকেল কলেজের শিক্ষার্থীরা গতকাল মঙ্গলবার ক্লাস বর্জন করেছেন। শিক্ষার্থীরা একই সঙ্গে বিক্ষোভ মিছিল, মানববন্ধন কর্মসূচি পালন ও স্মারকলিপি প্রদান করেছেন। মেডিকেল কলেজের আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, তাদের দাবি না মানা পর্যন্ত ক্লাস বর্জন অব্যাহত থাকবে।

## ক্যারি অন সিস্টেম

সিলেট ব্যুরো জানায়, ক্যারি অন সিস্টেম পুনর্বহালের দাবিতে সিলেটের সব মেডিকেল কলেজে ক্লাস বর্জন করা হয়েছে। গতকাল সিলেটের বিভিন্ন মেডিকেলের শিক্ষার্থীরা ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে ক্লাস বর্জন করেন। সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, নর্থ ইস্ট মেডিকেল কলেজ, রাগীব রাবেয়া মেডিকেল কলেজ, পার্কভিউ মেডিকেল কলেজসহ বিভিন্ন মেডিকেল কলেজের দ্বিতীয় ও তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করেন বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কলেজের শিক্ষার্থীরা। এর আগে সোমবার বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) চেয়ারম্যান বরাবর স্মারকলিপি দিয়েছেন সিলেটের বিভিন্ন মেডিকেলের শিক্ষার্থীরা।

রাজশাহী ব্যুরো জানিয়েছে, রাজশাহী মেডিকেল কলেজের শিক্ষার্থীরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও ওয়ার্ড বর্জন কর্মসূচি পালন শুরু করেছে। গতকাল সকালে ২০১৩-১৪ বর্ষের শিক্ষার্থীরা ক্লাস ও ওয়ার্ড বর্জন করে ক্যারি-অন প্রথা চালু রাখার দাবি জানান। সকাল সাড়ে ৭টায় শিক্ষার্থীরা লেকচার গেট ও ক্লাসরুমে তালা ঝুলিয়ে দেন। এ সময় তারা কলেজের সামনে অবস্থান নিয়ে স্লোগান দিতে থাকেন। দুপুর ১২টায় তারা কর্মসূচি শেষ করেন।

পাবনা অফিস জানিয়েছে, গতকাল মঙ্গলবার থেকে অনির্দিষ্টকালের জন্য সব ধরনের ক্লাস ও ওয়ার্ড বর্জন কর্মসূচি পালন শুরু করেছেন পাবনা মেডিকেল কলেজের শিক্ষার্থীরা। একই দাবিতে গত ১ আগস্ট পাবনা প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করেন শিক্ষার্থীরা। মানববন্ধনে তাদের দাবি মেনে নিতে ২৪ ঘণ্টার আলটিমেটাম দেওয়া হয়।